গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mopme.gov.bd

**স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী ঃ**

সভাপতি ঃ মোঃ হুমায়ুন খালিদ
সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
স্থান ঃ সভাকক্ষ (কক্ষ নং- ৬১০, ৬১২; ভবন নং -০৬, বাংলাদেশ সচিবালয়)
তারিখ ঃ ১৬/০৭/২০১৬ খ্রিঃ
সময় ঃ সকাল ১০:০০ ঘটিকা

**সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দঃ স্বাক্ষরের ক্রমানুসারে (পরিশিষ্ট- ক)**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান যে, আগামী ১৫ আগস্ট ২০১৬ তারিখ সোমবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শাহাদত বার্ষিকীতে দেশব্যাপী যথাযথ মর্যাদা এবং ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস পালনের উদ্দেশ্যে কর্মসূচী চূড়ান্তকরণের লক্ষ্যে গত ১০ জুলাই ২০১৬ তারিখ মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে এক আন্তঃ মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার আলোচনার প্রেক্ষিতে এ মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তরসমূহে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণ করা যেতে পারে ঃ

| ক্রম | কর্মসূচি / আলোচ্যসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | ১৫ আগস্ট ২০১৬ তারিখ সোমবার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। | এ মন্ত্রণালয়ের আওতাধীন অধীনস্থ দপ্তরসমসূহের প্রধান কার্যালয়, বিভাগীয়, জেলা, উপজেলা কার্যালয়, সকল পিটিআই, প্রাথমিক বিদ্যালয়, আনন্দ স্কুল, শিশু কল্যাণ ট্রাস্টের স্কুলসমূহ ও ইবতেদায়ী মাদ্রাসায় ১৫ আগস্ট ২০১৬ তারিখ জাতীয় পতাকা অর্ধনমিত রাখার নির্দেশনা জারি করতে হবে। | ডিজি, ডিপিই/ সিপিই/ বিএনএফই/ নেপ/ পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট |
| ২. | জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে দিবসটি পালনের জন্য আলোচনা সভা ও দোয়া মাহফিলসহ জাতীয় কর্মসূচির সঙ্গে সঙ্গতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন। | জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে দিবসটি পালনের জন্য আলোচনা সভা ও দোয়া মাহফিলসহ জাতীয় কর্মসূচির সঙ্গে সঙ্গতি রেখে অনুষ্ঠিতব্য সকল কর্মসূচিতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/ কর্মচারীসহ এ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিত থাকার বিষয়ে নির্দেশনা জারী করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/ ডিজি, ডিপিই/ সিপিই/ বিএনএফই/ নেপ/ পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট |
| ৩. | শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা, জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শন, হামদ্‌ ও নাত্‌ প্রতিযোগিতা ও দোয়া। | সকল প্রাথমিক বিদ্যালয় ও ইবতেদায়ী মাদ্রাসায় আলোচনা সভা, জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শন, হামদ্‌ ও নাত্‌ প্রতিযোগিতা ও দোয়ার আয়োজনের জন্য নির্দেশনা জারী করতে হবে। | ডিজি, ডিপিই/ সিপিই/ বিএনএফই/ নেপ/ পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট |
| ৪. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শাহাদত বার্ষিকী উপলক্ষে ১৫ আগস্ট প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে একটি আলোচনা সভার আয়োজন। | ১৫ আগস্ট ২০১৬ তারিখ সোমবার বেলা ০৩:০০ ঘটিকায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে একটি আলোচনা সভার আয়োজন করতে হবে। | ডিজি, ডিপিই |

| | | | |
|---|---|---|---|
| ৫. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতিচারণ নিয়ে প্রাথমিক শিক্ষা পরিবারের সদস্যদের লেখা সম্বলিত স্মরণিকা প্রকাশ। | **স্মরণিকা প্রকাশের জন্য নিম্নোক্ত কমিটি ঃ**<br>১। অতিরিক্ত সচিব (প্রশাসন), প্রাগম- আহ্বায়ক<br>২। পরিচালক (প্রশিক্ষণ), ডিপিই- সদস্য<br>৩। যুগ্মসচিব (প্রশাসন), প্রাগম - সম্পাদক<br>৪। পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট- সদস্য<br>৫। উপসচিব (বিদ্যালয়-১)- সদস্য<br>৬। উপপরিচালক, নেপ- সদস্য<br>৭। জনসংযোগ কর্মকর্তা, প্রাগম- সদস্য<br>কমিটিকে আগামী ১৫ আগস্ট ২০১৬ তারিখের পূর্বে স্মরণিকা প্রকাশ করতে হবে। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর উল্লিখিত কমিটিকে সার্বিক সহায়তা প্রদান করবে। |
| ৬. | তথ্য মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত পোস্টার প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে বিতরণ। | ১। প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে কমপক্ষে (০২) টি পোস্টার বিতরণ করতে হবে।<br>১। ১,৫০,০০০ পোস্টারের চাহিদা উল্লেখপূর্বক তথ্য মন্ত্রণালয়কে পত্র প্রদান করতে হবে।<br>২। সংশ্লিষ্ট ডিপিইও জেলা তথ্য অফিসে প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা অনুযায়ী পোস্টারের চাহিদা দিবেন। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/ ডিজি, ডিপিই/ সিপিই/ বিএনএফই/ নেপ/ পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট |
| ৭. | প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদেরকে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর, ধানমন্ডি, ঢাকা পরিদর্শনের আয়োজন করতে হবে। | ১৪ আগস্ট ২০১৬ তারিখ ১০০ জন শিক্ষার্থী বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর, ধানমন্ডি, ঢাকা পরিদর্শন করবে। | ডিজি, ডিপিই/ যুগ্ম-সচিব (প্রশাসন) প্রাগম/ পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট/ কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর/ ডিডি, ঢাকা বিভাগ |
| ৮. | প্রতিটি প্রাথমিক বিদ্যালয় ও ইবতেদায়ী মাদ্রাসায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী নিয়ে সারা বছর আলোচনা সভার আয়োজন। | প্রতিটি প্রাথমিক বিদ্যালয় ও ইবতেদায়ী মাদ্রাসায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী নিয়ে সারা বছর আলোচনা সভার আয়োজনের জন্য নির্দেশনা জারী করতে হবে। | ডিজি, ডিপিই/ পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট |
| ৯. | Feedback নেয়া এবং মনিটরিং জোরদার করার লক্ষ্যে আগস্টের প্রথম সপ্তাহে প্রস্তুতিমূলক সভা আয়োজন । | অদ্যকার সভার সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য আগামী ০৭ আগস্ট ২০১৬ তারিখ সকাল ১১:০০ টায় বর্তমান সভার আঙ্গিকে একটি সভা অনুষ্ঠিত হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| ১০. | সাংগঠনিক কমিটি গঠন সংক্রান্ত। | **১৫ আগষ্ট ২০১৬ তারিখ সোমবার জাতীয় শোক দিবসের সকল কার্যক্রম / কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত গঠিত মনিটরিং কমিটি ঃ**<br>**জনাব মোস্তাফিজুর রহমান, এম.পি, মাননীয় মন্ত্রী, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়- প্রধান উপদেষ্টা**<br>১। জনাব মোঃ হুমায়ুন খালিদ, সচিব, প্রাগম- সভাপতি<br>২। এ মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তরসমূহের প্রধান- সদস্য<br>৩। এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব /যুগ্মসচিব (সকল)- সদস্য<br>৪। অতিরিক্ত সচিব (প্রশাসন)/ যুগ্মসচিব (প্রশাসন), প্রাগম- সদস্য সচিব | **প্রাথমিক শিক্ষা অধিদপ্তর উল্লিখিত কমিটিকে সার্বিক সহায়তা প্রদান করবে।** |
| ১১. | নিরাপত্তা প্রদান সংক্রান্ত। | জাতীয় শোক দিবস ২০১৬ উপলক্ষ্যে সকল কর্মসূচিতে সার্বিক নিরাপত্তার স্বার্থে জেলা ও উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তাকে সার্বক্ষণিকভাবে পুলিশ ও স্থানীয় প্রশাসনের সঙ্গে যোগাযোগ রাখার জন্য নির্দেশনা জারি করতে হবে। একই সাথে সকলকে নিজস্ব নিরাপত্তার ব্যবস্থা লক্ষ্য রাখার জন্য অনুরোধ করা হলো। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/ ডিজি, ডিপিই/ সিপিই/ বিএনএফই/ নেপ/ পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট/ ডিপিইও/ ইউইও (সকল) |

০২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত করেন।

(মোঃ হুমায়ুন খালিদ)
সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

স্মারক নং-৩৮.০০২.০২৩.০০.০০.০০১.২০০৬- ৯৫৫

তারিখ ঃ ০১ শ্রাবণ ১৪২৩ / ১৬ জুলাই ২০১৬

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মহাপুলিশ পরিদর্শক, ফুলবাড়ীয়া, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব / অতিরিক্ত সচিব (প্রশাসন/ উন্নয়ন/ বাজেট), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
৯. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬।
১০. মহাপরিচালক, বাধ্যতামুলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষাভবন, ঢাকা।
১১. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
১২. যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬।
১৫. উপসচিব (সকল)/ উপপ্রধান, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. জনাব .................................................................... প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৭. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর, ধানমন্ডি, ঢাকা।
১৯. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা।
২০. অফিস কপি।

২৬/০৭/১৬

(কে, এম, রুহুল আমীন)
উপসচিব